



বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ  
ঈশ্বরদী ইপিজেড  
পাকশী, পাবনা।



## নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্রঃ ০৩.০৬.৭৬৩৯.৩৮০.১৮.৫২.২০১৯-৩৩৪

তারিখঃ ১২ অক্টোবর, ২০২১।

বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা-এর নিম্নোক্ত পদসমূহে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নে বর্ণিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম ও বেতন জাতাদি	পদের সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা এবং অভিজ্ঞতা
০১	সহকারী প্রধান শিক্ষক বেতনঃ আলোচনা সাপেক্ষে	০১টি	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে অনার্সসহ মাস্টার্স ডিগ্রি বা ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি। সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে। কোন স্বীকৃত বিদ্যালয়ে নিম্ন মাধ্যমিক পর্যায়ে সহকারী প্রধান শিক্ষক পদে ন্যূনতম ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা (সহকারী শিক্ষক হিসাবে ১২ বৎসর শিক্ষকতার অভিজ্ঞতা সহ)। তবে শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে বি এড ও এম এড ডিগ্রীধারী প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
০২	সহকারী শিক্ষক (বাংলা) জাতীয় তেন স্কেলঃ ১১তম গ্রেড ও অন্যান্য সুবিধাদি	০১টি	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ মাস্টার্স ডিগ্রি বা ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি। সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে।
০৩	সহকারী শিক্ষক (ইংরেজি) জাতীয় তেন স্কেলঃ ১১তম গ্রেড ও অন্যান্য সুবিধাদি	০১টি	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ মাস্টার্স ডিগ্রি বা ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি। সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে।
০৪	সহকারী শিক্ষক (গণিত) জাতীয় তেন স্কেলঃ ১১তম গ্রেড ও অন্যান্য সুবিধাদি	০১টি	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ মাস্টার্স ডিগ্রি বা ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি। সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে।
০৫	সহকারী শিক্ষক (সাধারণ) জাতীয় তেন স্কেলঃ ১১তম গ্রেড ও অন্যান্য সুবিধাদি	০৭টি	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে অনার্সসহ মাস্টার্স ডিগ্রি বা ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি। সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে।

### শর্তাবলীঃ

- নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে দরখাস্ত আগামী ১০/১১/২০২১ তারিখের মধ্যে ডাকযোগে মহাব্যবস্থাপক, ঈশ্বরদী ইপিজেড ও সদস্য, গভর্নিং বডি, বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা বরাবরে অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে। অত্র অফিসে সরাসরি কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। উল্লেখিত তারিখের পর প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে আবেদনের নমুনা বেপজার ওয়েবসাইট: [www.bepza.gov.bd](http://www.bepza.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে।
- দরখাস্তের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের ফটোকপি, সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) সংযুক্ত করতে হবে।
- প্রার্থীর বয়স ২৫ মার্চ ২০২০ তারিখে ০১ নং পদের জন্য অনূর্ধ্ব ৪৫ (পঁয়তাল্লিশ) বৎসর এবং ০২ থেকে ০৫ নং পদের জন্য অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বৎসর। তবে ০২ থেকে ০৫ নং পদে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বৎসর গ্রহণযোগ্য। বয়স প্রমাণের জন্য এফিডেভিড গ্রহণযোগ্য নয়।
- যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান পত্রের মাধ্যমে/স্কুদে বার্তার মাধ্যমে জানানো হবে।
- শিক্ষা জীবনে যে কোন পরীক্ষায় ৩য় শ্রেণি/বিভাগ প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই।
- খামের উপর আবেদনকৃত পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে।
- চাকরিরত প্রার্থীদের বেলায় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।
- ০২ থেকে ০৫ নং পদে অভিজ্ঞ ও যোগ্য প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
- কর্তৃপক্ষের প্রয়োজনে পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধি করতে পারবে। নিয়োগকৃত শিক্ষক যেকোনো শ্রেণিতে ক্লাস নিতে বাধ্য থাকিবে।
- কোন তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা এর অনুকূলে যেকোন তফসিলি ব্যাংক হতে ০১ নং পদের জন্য ৭০০.০০ (সাতশত) টাকা এবং ০২ থেকে ০৫ নং পদের জন্য ৫০০.০০ (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।
- নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হবে।

আবদুল্লাহ আল মাহবুব

মহাব্যবস্থাপক

ঈশ্বরদী ইপিজেড ও সদস্য, গভর্নিং বডি

বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ, ঈশ্বরদী ইপিজেড

পাকশী, পাবনা

ফোনঃ ০২৫৮৮৮৪৮০২

ই-মেইলঃ gm.iepz@bepza.gov.bd

স-২৪১৭ (১০×৪)